# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট।

সিলেট সদর উপজেলার ৫ম পরিষদের ৫৮ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : জনাব আশফাক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।

তারিখ : ০৮-০২-২০২৪ খ্রিঃ।

সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার শুরু করেন।অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন। | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান। অতপর সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | | |
| ২.১ স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | (ক) আলোচনার শুরুতে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট জানান পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুর্ণবাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্পের বাস্তবায়নের হার ৪৫%, দরপত্রের লটারী শেষ শীঘ্রই নোয়া প্রদান করা হবে ।<br><br>(খ) আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার বলেন, অত্র উপজেলায় উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবন অনেক দিন যাবত ব্যবহারের অনুপযোগি এছাড়া উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন রক্ষনাবেক্ষনে প্রতি বছর অনেক টাকা ব্যয় করতে হয় । তিনি উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন কনডেম ঘোষনা করার প্রস্তাব করেন।<br><br>(গ) আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবন ও উপজেলা পরিষদ মিলনায়তন রং করণ, সংস্কার, মেরামত করা প্রয়োজন । উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অফিস ও বাসাবাড়ি সংস্কার খাতে নির্ধারিত সিলিং শেষ । এমতাবস্থায় উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবন ও উপজেলা পরিষদ মিলনায়তন রং করণ, সংস্কার, মেরামতের প্রাক্কলন প্রস্তুত করত স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে । তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন । | | ১.১) পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুর্ণবাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.২) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন কনডেম ঘোষনা করার জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয় ।<br><br>১.৩) আগামী সভায় উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবন ও উপজেলা পরিষদ মিলনায়তন রং করণ, সংস্কার, মেরামতের প্রাক্কলন প্রস্তুতের বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয় । | উপজেলা চেয়ারম্যান /উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । |
| ২.২ স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, সিলেট এর প্রতিনিধি জানান ইপিআই ও ভেকসিন প্রদান কার্যক্রম চলমান । রমজানের আগে প্রতিটি ইউনিয়নের নির্দিষ্ট স্থানে টিকা প্রদান করা হবে ।<br>চেয়ারম্যান, টুকেরবাজার ইউপি জানান, টুকেরবাজার ইউপির ১,২,৩ নং ওয়ার্ডে কোন কমিউনিটি ক্লিনিক নাই । তিনি একটি | | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং টুকেরবাজার ইউপিতে কমিউনিটি ক্লিনিক স্থাপন ও মোগলগাঁও ইউপির প্রস্তাবিত কমিউনিটি ক্লিনিক কেন অনুমোদন হচ্ছে না সে বিষয়ে জেলা সমন্বয় সভায় আলোচনা করতে | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সিলেট সদর, সিলেট ও সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | কমিউনিটি ক্লিনিক স্থাপনের প্রস্তাব করেন ।<br>চেয়ারম্যান, মোগলাগাঁও ইউপি জানান, তাঁর ইউনিয়নে একটি কমিউনিটি ক্লিনিকের প্রস্তাব উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছিল কিন্তু কি জন্য কি কারণে হচ্ছে না সে বিষয় খতিয়ে দেখার প্রস্তাব করেন । | হবে । | |
| ২.৩ মাধ্যমিক শিক্ষা বিভাগ | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি জানান আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৪ এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু । অত্র উপজেলা ০৬ টি কেন্দ্র, তিনি সকলের সহযোগিতা কামনা করেন । | ১.১)এসএসসি ও সমমানের পরীক্ষা সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে । | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| ২.৪ প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।তিনি জানান, জাতীয় শিক্ষা ও সংস্কৃতি প্রতিযোগিতা ইউনিয়ন পর্যায়ে আগামী ১৩-১৬ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে এরপর উপজেলা পর্যায়ে ১৯ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে। | ১.১) জাতীয় শিক্ষা ও সংস্কৃতি প্রতিযোগিতা সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে । | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।১ম পর্যায়ে টিআর, কাবিটা কর্মসূচীর গড় অগ্রগতি ৬০% এছাড়া ২য় পর্যায়ে টিআর, কাবিটার আওতায় প্রাপ্ত তালিকা অনুমোদন পাওয়া গেছে শীঘ্রই কাজ শুরু হবে। | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে ।<br>১.২) দ্রুত টিআর, কাবিটা প্রকল্পের কাজ শেষ করতে হবে । | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাও সংশ্লিষ্ট সকল |
| ২.৬ পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর ,সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনের হার ৭৮.৯% এছাড়া ৪টি FWC তে স্বাভাবিক প্রসব সেবা চলমান । | ১.১) পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনের হার ৭৮.৯% । ৪টি FWC তে স্বাভাবিক প্রসব সেবা চলমান রাখতে হবে । | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ২.৭ কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বোরো ফসলের ভাল আবাদ হয়েছে, সারের উত্তোলন ও মজুদ পর্যাপ্ত পরিমান আছে, রবি শষ্য আবাদ চলমান । | ১.১। বারো ফসল, সারের উত্তোলন ও মজুদ এবং রবি শষ্য আবাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৮ মৎস্য বিভাগ | উপজেলা সিনিয়র মৎস কর্মকর্তা সিলেট সদর, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | উপজেলা মৎস্য কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২.৯ প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান গবাদি পশুদের টিকা প্রদান কার্যক্রম ও কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান । তিনি জানান বিশ্ব ব্যাংকের সহযোগিতায় এলডিডিপি প্রকল্পের কার্যক্রম শুরু হবে ।হাটখোলা, খাদিমনগর ও মোগলগাঁও ইউনিয়নে পিডি গ্রুপের সমিতি করা যাবে । প্রতিটি সমিতিতে ৪০ জন করে সদস্য থাকবে ।প্রকল্পের পক্ষ থেকে ১০,০০০/-(দশ হাজার) টাকা ঋণ দেওয়া হবে প্রত্যেক সদস্য ১০০/- (একশত) টাকা হারে মাসিক চাঁদা প্রদান করবেন । | ১.১) এলডিডিপি প্রকল্পের কার্যক্রম সুষ্ঠ ভাবে বাস্তবায়ন করতে হবে । | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ২.১০ সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধি ভাতা সহ বিভিন্ন ভাতার মোবাইলের মাধ্যমে প্রদান করা হয় । কিছু প্রতারক চক্র ভেরিফিকেশন কোড নিয়ে ভাতার টাকা হাতিয়ে নিয়ে যায় । তিনি সকল ইউপি চেয়ারম্যানগন জনগনকে এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির প্রস্তাব করেন । | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে এবং প্রতারক চক্রের বিষয়ে জনগনকে সচেতন করার জন্য ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করা হয় । | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১১ মহিলা | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট জানান VWB কর্মসূচি, মা ও শিশু সহায়তা কর্মসূচির কার্যক্রম যথানিয়মে | ১.১) VWB কর্মসূচি, মা ও শিশু সহায়তা কর্মসূচির কার্যক্রম সাফল্যের | উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট |

| | | | |
|---|---|---|---|
| | গ। আলোচনাকালে মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি উপজেলা সমাজকল্যাণ কমিটি জানান, গত ০৪ ফেব্রুয়ারি উক্ত কমিটির দ্বিমাসিক সভা অনুষ্ঠিত হয় । সভায় সিলেট সদর উপজেলার ১০ জন শারিরীক প্রতিবন্ধী জন্য হুইল চেয়ার বিতরণের সিদ্ধান্ত , দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের মাঝে এককালীন আর্থিক অনুদান বিতরনের সিদ্ধান্ত এবং প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থদের মাঝে এক কালীন অনুদান বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং চুড়ান্ত অনুমোদনের জন্য মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>ঘ। আলোচনাকালে মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি জানান, গত ০৪ ফেব্রুয়ারি উক্ত কমিটির দ্বিমাসিক সভা অনুষ্ঠিত হয় । সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয় এবং চূড়ান্ত অনুমোদনের জন্য মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>০১। ৩০ জন মহিলাকে ০৩ দিনের সেলাই প্রশিক্ষণ ।<br>০২। ৭০ জন মহিলাকে সেলাই মেশিন বিতরণ ।<br>০৩। শিশুদের মধ্যে শিক্ষা ও খেলাধুলা সহায়ক উপকরণ বিতরণ<br>০৪। দুস্থ অসহায় মহিলাদের মাঝে স্যানেটারী ন্যাপকিন বিতরণ | চেয়ার বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>ঘ। সভায় আগামী অর্থবছরে নারী উন্নয়ন ফোরামের আওতায় এ সকল প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় । | |
| ৪।নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে আলোচনাকালে নতুন কোন সার্কুলার, প্রজ্ঞাপন বিধি অগ্রগতি না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি । | | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ৫।মাননীয় উপদেষ্টার পরামর্শে | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি । | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি । | |
| ৬। নিয়মিত রাজস্ব ব্যয় | চলতি মাসে কোন অনিয়মিত রাজস্ব ব্যয় নাই । | ১.১। সভায় সর্বসম্মতিক্রমে উপস্থাপিত বিল অনুমোদিত হয় । | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সদর, সিলেট জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।তিনি জানান উপজেলা কমিটির সভার কার্যবিবরণী উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করতে হবে । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।<br>১.২) নিয়মিত উপজেলা ১৭টি কমিটির দ্বি-মাসিক সভা আহবান করতে হবে । | ইউডিএফ ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ০৯। বিবিধ | বিবিধ-১:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট জানান, উপজেলা পুরাতন গাছ নিলাম বিক্রয় কমিটির সভায় সাহেব বাজার সড়কের পাশে পুরাতন ০৩ (তিন) টি রেন্ট্রি খাড়া গাছ নিলাম ডাকের মাধ্যমে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয় । চুড়ান্ত অনুমোদনের জন্য অদ্য সভায় অনুমোদন পূর্বক জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের অনুমোদনের জন্য জেলা প্রশাসক, সিলেট বরাবর প্রেরণ করতে হবে ।<br>বিবিধ-২:- আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান উনার জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত সময়ের ভ্রমন বিবরণী ও বিল অনুমোদনের জন্য উপস্থাপন করেন ।<br>বিবিধ-৩:- আলোচনাকালে মহিলা ভাইস চেয়ারম্যান উনার জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত সময়ের ভ্রমন বিবরণী ও বিল অনুমোদনের জন্য উপস্থাপন করেন ।<br>বিবিধ-২:- আলোচনাকালে ভাইস চেয়ারম্যান উনার জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত সময়ের ভ্রমন বিবরণী ও বিল অনুমোদনের জন্য উপস্থাপন করেন । | ১.১) খাদিমনগর ইউপিস্থ সাহেব বাজার সড়কের পাশে পুরাতন ০৩ (তিন) টি রেন্ট্রি খাড়া গাছ নিলাম ডাকের মাধ্যমে বিক্রয়ের লক্ষে অদ্য সভায় অনুমোদিত হয় এবং চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা প্রশাসক, সিলেট বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.২) সভায় সর্বসম্মতিক্রমে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত সময়ের ভ্রমন বিবরণী ও বিল অনুমোদিত হয় এবং উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় । | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |

অতপর  সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আশফাক আহমদ
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯.৯০ (৫০)

তারিখ: ২২/০২/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৩। জেলা প্রশাসক, সিলেট।
৪। মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
৭। উপজেলা ------------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট।
৮। চেয়ারম্যান,-------------------- ------------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট।
৯। জনাব/বেগম,-----------------সিলেট সদর, সিলেট।
১০। অফিস নথি।

২২/২/২৪

নাছরীন আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মিল্লাত আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। |
| ০২) | মিজ্ মোছা: শামীমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। |
| ০৩) | জনাব মো: মস্তাকা আহমদ | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৪) | জনাব রফিকুজ্জামান | চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৫) | জনাব দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৬) | জনাব বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৭) | জনাব শফিকুর রহমান | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৮) | জনাব হিরণ মিয়া | চেয়ারম্যান, ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৯) | জনাব মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ১০) | জনাব অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১১) | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ১২) | জনাব দ্বিজরাজ বর্মন | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৩) | ডা: আনিসুর রহমান | প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৪) | মিজ্ শামছুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট। |
| ১৫) | জনাব মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৬) | জনাব মো: হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। |
| ১৭) | জনাব অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৮) | জনাব আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৯) | মিজ্ নুসরাত ই এলাহী | উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ২০) | মিজ্ সাবিহা ফাতেমা | প্রতিনিধি, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ২১) | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৮) | জনাব মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। |
| ১৯) | জনাব মো: আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২০) | মিজ্ শারমিন আক্তার | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট। |
| ২১) | জনাব মোহাম্মদ এমরান হোসেন | ইউডিএফ, সিলেট সদর, সিলেট। |
| ২২) | মিজ্ মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২৪) | জনাব মো: হারুন অর রশিদ | উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, সদর, সিলেট। |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | মিজ্ ফারজানা সিরাজ সুমি | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লীপ,বিআরডিবি সিলেট সদর, সিলেট। |
| ০২) | জনাব আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ০৩) | জনাব কামরুল ইসলাম | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট। |
| ০৪) | জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ০৫) | জনাব মো: রাশেল গাজী | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট।. |